# ডিসেম্বরের মধ্যেই নির্বাচনের প্রস্তুতি চূড়ান্তের নির্দেশ প্রধান উপদেষ্টার



সংগৃহীত ছবি

আগামী ডিসেম্বরের মধ্যে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের সব প্রস্তুতি সম্পন্ন করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস।

বুধবার (৯ জুলাই) রাত ৮টায় রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম।

সংবাদ সম্মেলনে প্রেস সচিব বলেন, "নির্বাচনকে কেন্দ্র করে দেশে ৮ লাখ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন থাকবে। তাদের সকলকে ডিসেম্বরের মধ্যে নির্বাচনী প্রশিক্ষণ শেষ করতে হবে।"

তিনি আরও জানান, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে প্রধান উপদেষ্টা সংশ্লিষ্ট বাহিনীকে আরও কঠোর হওয়ার নির্দেশ দিয়েছেন।

ভোটারদের অংশগ্রহণ বাড়াতে বিশেষ উদ্যোগের কথাও উঠে আসে সংবাদ সম্মেলনে। প্রেস সচিব বলেন, "১৮-৩২ বছর বয়সী তরুণ ভোটারদের জন্য আলাদা বুথের সম্ভাব্যতা নিয়েও আলোচনা চলছে।"

প্রধান উপদেষ্টা স্বচ্ছ ও শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করতে নির্বাচন কমিশনের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার নির্দেশ দিয়েছেন বলেও জানান তিনি।

LENS ASIA